গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ,ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৮.২০১৫- তারিখঃ------------------------খ্রিঃ

আদেশ

যেহেতু, জনাব মোঃ ওসমান গনি(সাময়িক বরখাস্ত) গাড়ী চালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ে কর্মকালীন বিনা অনুমতিতে ১০-২-২০১৫ খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে অধিদপ্তরের ১৮-৬-২০১৫ খ্রিঃ তারিখের ২২২ সংখ্যক স্মারকে অসদাচরণ ও ডিজারশনের অভিযোগে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়।

০২। যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে জবাব দাখিল করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ১৮-৮-২০১৫ খ্রিঃ তারিখে মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তার প্রদত্ত বক্তব্য এবং নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে,তিনি গত ০৯-০২-২০১৫ খ্রিঃ তারিখে বদলীকৃত কর্মস্থল কিশোরগঞ্জ জেলা কার্যালয়ে যোগদানপত্র দাখিল করে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করেন এবং ১০-০২-২০১৫ খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। এ প্রেক্ষিতে স্থানীয় কর্তৃপক্ষ তথা উপ-পরিচালক, কিশোরগঞ্জ তাকে পর পর তিনটি পত্র প্রদান করলেও তিনি কর্মস্থলে যোগদান করেননিএবং কোন জবাবও প্রদান করেননি। এমনকি প্রধান কার্যালয় হতে ২৩-৪-২০১৫ খ্রিঃ তারিখে অনুপস্থিতির কারণ দর্শানো জন্য তাকে নোটিশ দেয়া হলেও তিনি জবাব প্রদান থেকে বিরত থাকেন। তৎপ্রেক্ষিতে চালুকৃত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাবে তিনি ইস্টার্ন হাউজিং এর সাথে জায়গা সংক্রান্ত বিরোধ মামলা এবং পিতার হার্টের ব্লক ইত্যাদি কারণ উল্লেখ করে অনুপস্থিতির জন্য ক্ষমা চান এবং ব্যক্তিগত শুনানীতে লিখিত জবাবে প্রদত্ত বক্তব্যের পুনরাবৃত্তি করেন, কৃতকর্মের জন্য ক্ষমা চান এবং ভবিষ্যতে সঠিকভাবে কাজ করবেন মর্মে প্রতিশ্রুতি ব্যক্ত করেন। শুনানীকালে অভিযোগের বিষয়ে যথাযথ সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য বিভাগীয় তদন্তের প্রয়োজন অনুভূত হওয়ায় জনাব মোঃ মশিহুর রহমান খন্দকার, সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, হবিগঞ্জ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা ০৬-১০-২০১৫খ্রিঃ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ ওসমান গনির বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত মর্মে উল্লেখ করেন।

০৩। যেহেতু, তার লিখিত জবাব, নথিপত্র পর্যালোচনা এবং প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত মর্মে উল্লেখ থাকায় অভিযুক্ত-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক চাকুরী হতে বরখাস্তকরণ(Dismissal From Service) দণ্ড প্রদানের প্রস্তাবপূর্বক ০৮-১১-২০১৫খ্রিঃ তারিখের ৩৯৯ সংখ্যক স্মারকে ২য় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়। সে প্রেক্ষিতে তিনি ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন। উক্ত নোটিশের জবাবে তিনি ১ম কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রদত্ত বক্তব্যের অনুরূপ বক্তব্য উপস্থাপন করেন এবং ক্ষমা চান।

০৪। যেহেতু, অভিযুক্তের বিভাগীয় মামলার লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানো নোটিশের প্রদত্ত জবাব, নথিতে রক্ষিত কাজগপত্র ও সার্বিক বিষয় পর্যালোচনা দেখা যায় যে, জনাব মোঃ ওসমান গণির বিরুদ্ধে শৃংখলা বিরোধী আচরণের জন্য ইতোপূর্বে তিনটি বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল এবং তিনটিতে তিনি শাস্তি প্রাপ্ত। বিভাগীয় মামলা নং ৩১/২০০৯-তে তাকে অননুমোদিত অনুপস্থিতির অভিযোগে ২১-৬-২০১০ খ্রিঃ তারিখে 'তিরস্কার' দন্ড প্রদান করা হয়। মামলা নং ১১/২০১১-তে অননুমোদিত অনুপস্থিতির অভিযোগে তাকে ২৩-২-২০১২ খ্রিঃ তারিখে 'বেতন স্কেলের প্রারম্ভিকধাপে বেতন অবনমিতকরণ' দন্ড আরোপ করা হয়। সর্বশেষ মামলা নং ১৭/২০১২-তে তাকে অসদাচরণের অভিযোগে ১১-২-২০১৩ খ্রিঃ তারিখে 'তিনটি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিতকরণ' দন্ড আরোপ করা হয়। তিনটি বিভাগীয় শাস্তি প্রাপ্ত হলেও তার আচরণে কোন ইতিবাচক পরিবর্তন ঘটেনি,লক্ষণও নেই। এতে প্রতীয়মান হয় যে,তিনি শৃংখলা বিরোধী অচরণে অভ্যস্ত হয়ে পড়েছেন। তার শৃংখলা বিরোধী আচরণকে তাই হালকা করে দেখার সুযোগ নেই। সার্বিক পর্যালোচনায় তাই জনাব মোঃ ওসমান গণি, গাড়ী চালক-কে সরকারী কর্মচারী(শৃংখলা ও আপীল) বিধিমালার বিধি ৩(বি) ও ৩(সি) অনুসারে যথাক্রমে অসদাচরণ ও ডিজারশণের অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো।

০৫। সেহেতু, এক্ষণে জনাব মোঃ ওসমান গণি, গাড়ী চালককে সরকারী কর্মচারী(শৃংখলা ও আপীল)বিধিমালা ১৯৮৫এর ৪(৩)(ডি) মতে 'চাকুরী হতে বরখাস্তকরণ(Dismissal from Service) দন্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন- ৯৫৫৯৩৮৯।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৮.২০১৫- ০৫ তারিখঃ ০৫-০১-২০১৬খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো ঃ

০১। উপ-পরিচালক,যুব উন্নয়ন অধিদপ্তর,কিশোরগঞ্জ।
০২। কম্পিউটার প্রোগ্রামার (আইসিটিসেল) যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
০৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কিশোরগঞ্জ।
০৪। সহকারী পরিচালক(প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণে অনুরোধ করা হলো।
০৫। থানা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল ইউনিট থানা,৩১৭/১তিলপাপাড়া, খিলগাও,ঢাকা-১২১৯। তাঁকে প্রাপকের স্থায়ী ঠিকানায় পত্রটি বিলিপূর্বক (প্রাপককে পাওয়া না গেলে প্রাপকের আত্মীয়স্বজনকে গ্রহণকারীর নাম, পিতা/ স্বামীর নাম, ঠিকানা ও ন্যূনপক্ষে একজন স্বাক্ষীর নাম উল্লেখপূর্বক ঠিকানাসহ) সার্ভিস রিটার্ন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে নির্দেশ প্রদান করা হলো।
০৬। জনাব মোঃ ওসমান গণি,গাড়ী চালক, যুব উন্নয়ন অধিদপ্তর,কিশোরগঞ্জ।
০৭। জনাব মোঃ ওসমান গণি, পিতা-মোঃ আব্দুর রাজ্জাক, ৬৭/১ মেরাদিয়া, পোঃ-খিলগাঁও,থানা-খিলগাঁও, জেলা-ঢাকা।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী ,যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৯। অফিস কপি/ গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃংখলা)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

Shahidul/E/Realse-234